গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৭৭.২৫.৫৬৪

তারিখ: ০১ চৈত্র ১৪৩২ / ১৫ মার্চ ২০২৬

বিষয়: ২য় কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু, সমাজসেবা অধিদপ্তর পরিচালিত সামাজিক নিরাপত্তা অধিশাখার অধীন হিজড়া, বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। উক্ত কার্যক্রমসমূহের হিসাব সোনালী ব্যাংক পিএলসি, আগারগাঁও, ঢাকায় চলমান আছে। যার শিরোনাম ও হিসাব নম্বর 'হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম' ৪৪৪০৪২০০০৭০৩, 'অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম' ৪৪৪০৪২০০০৭০৪ এবং 'বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম'- ৪৪৪০৪২০০০৭০৫। উক্ত কার্যক্রমসমূহের হিসাবে অব্যয়িত সমুদয় অর্থ গত ২০২৩-২৪ অর্থ বছরে সরকারি কোষাগারে জমা দেয়া হয়। বিগত ০৯/১০/২০২৫ তারিখ আনুমানিক দুপুর ২.৩০ টার সময় সোনালী ব্যাংক পিএলসি, আগারগাঁও, ঢাকা এর দায়িত্বরত কর্মকর্তা টেলিফোন যোগে জনাব মো: শাহ জাহান, উপপরিচালক, অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম, সামাজিক নিরাপত্তা শাখা, সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, ঢাকাকে অবহিত করেন যে, জনাব মো: আজিজুর রহমান একটি ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার চেক জমা দিয়েছেন তাকে উক্ত টাকা দেয়া যাবে কিনা? উপপরিচালক এ বিষয়ে তাকে টাকা না দেয়ার জন্য ব্যাংক কর্মকর্তাকে অনুরোধ করেন;

যেহেতু, বিগত ১২/১০/২০২৫ তারিখে বিষয়টি নিয়ে সোনালী ব্যাংক পিএলসি, আগারগাঁও, ঢাকায় যোগাযোগ করা হলে জানা যায় যে, অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম, (হিসাব নম্বর-৪৪৪০৪২০০০৭০৪) হিসাবটি জনাব মোসা: রিজিয়া খাতুন, উপপরিচালক, অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম এর বদলী পরবর্তী সময়ে একই শাখায় কর্মরত জনাব মোঃ আজিজুর রহমান, কারিগরি প্রশিক্ষক, সরকারী শিশু পরিবার (বালক), ফরিদপুর (সংযুক্ত: সামাজিক নিরাপত্তা অধিশাখা, অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম, সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকা) কর্তৃপক্ষের আদেশ না থাকা সত্ত্বেও আর্টিকেল-৪৭ তার নিজ নামে টেম্পারিং করে দায়িত্ব অর্পন ও গ্রহণ করেন। আর্টিকেল-৪৭ এর কপি ব্যবহার করে অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম এর ব্যাংক হিসাব নিজ নামে পরবির্তন করে নমুনা স্বাক্ষর কার্ড ব্যাংকে জমা দেন। সোনালী ব্যাংক পিএলসি, আগারগাঁও, ঢাকায় অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম, হিসাব নম্বর- ৪৪৪০৪২০০০৭০৪ এর স্বাক্ষরকারী কর্তৃপক্ষ হিসেবে তার নাম (জনাব মোঃ আজিজুর রহমান) গৃহিত হয়;

যেহেতু, তিনি বিগত ২৯/০৯/২০২৫ তারিখ উক্ত একাউন্ট হতে ১,৯৫,০০০/- (এক লক্ষ পঁচানব্বই হাজার) টাকা উত্তোলন করেন। তিনি একই ধারাবাহিকতায় ০৯/১০/২০২৫ তারিখ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা উত্তোলনের উদ্দেশ্যে একটি চেক দাখিল করেন। উল্লেখ্য বিগত ১৭/০৬/২০২৫ তারিখে উক্ত একাউন্টে সোনালী ব্যাংক পিএলসি, লালমনিরহাট শাখা, লালমনিরহাট হতে ৫১,৯৫,০০০/- (একান্ন লক্ষ পঁচানব্বই হাজার) টাকা ট্রান্সফার করা হয়;

যেহেতু, জনাব মোঃ আজিজুর রহমান, কারিগরি প্রশিক্ষক, সরকারী শিশু পরিবার (বালক), ফরিদপুর (সংযুক্ত: সামাজিক নিরাপত্তা অধিশাখা, অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম, সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকা) একজন তৃতীয় শ্রেণীর কর্মচারী। তার মূল কর্মস্থল সরকারী শিশু পরিবার (বালক), ফরিদপুর। উক্ত কার্যক্রমের হিসাব নম্বরটির স্বাক্ষরকারী কর্তৃপক্ষ কার্যক্রমটির দায়িত্বপ্রাপ্ত উপপরিচালক, কিন্তু দেখা যায় যে, তিনি মিথ্যা ও বানোয়াট তথ্য প্রদান করে চেক জালিয়াতির মাধ্যমে সরকারি অর্থ আত্মসাতের অসৎ উপায় অবলম্বন করে টাকা উত্তোলন করেন এবং আরও টাকা উত্তোলনের চেষ্টা অব্যাহত রাখেন। বিষয়টি গুরুতর আর্থিক অনিয়ম বিধায় তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (সামাজিক নিরাপত্তা অধিশাখা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা ১৩/১০/২০২৫ তারিখ ৪১.০১.০০০০.০০০.০৫০.২৭.০০০২.২৫-১৯.৯৪৮ সংখ্যক ইউ.ও.নোট মূলে অনুরোধ করেন;

যেহেতু, উল্লিখিত অভিযোগে সমাজসেবা অধিদপ্তরের শৃঙ্খলা ও তদন্ত শাখার ১৩/১০/২০২৫ তারিখ ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৭৭.২৫.৪২৯ সংখ্যক অফিস আদেশ যোগে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। একই অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর দায়ে বিভাগীয় মামলা (মামলা নম্বর ৩৫/২০২৫ তারিখ ২৬/১০/২০২৫) রুজু করা হয়;

যেহেতু, জনাব মোঃ আজিজুর রহমান তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানিতে অংশ গ্রহণের আগ্রহ প্রকাশ করায় বিগত ২২/১২/২০২৫ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেন। তিনি আরো জানান তিনি নিজে ক্যান্সার রোগে আক্রান্ত হওয়ায় চিকিৎসার অর্থের প্রয়োজনে উক্ত টাকা উত্তোলন করেছিলেন যা তিনি পরবর্তীতে জমা প্রদান করেছেন। ভবিষ্যতে এ ধরণের কাজ করবেন না

মর্মে অঙ্গিকার করে আনীত অভিযোগ হতে অব্যাহতি কামনা করেন। এপ্রেক্ষিতে জনাব মোঃ আজিজুর রহমান এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলাটি তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য উপপরিচালক (বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা শাখা), সামাজিক নিরাপত্তা অধিশাখা সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকাকে সমাজসেবা অধিদপ্তরের ২৪/১২/২০২৫ তারিখ ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৭৭.২৫.৫২৯ সংখ্যক স্মারকপত্র যোগে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ০৯/০২/২০২৬ তারিখ ৪১.০১.০০০০.০৪৯.০২৭.০২৬.২০.১৭০ সংখ্যক স্মারক মূলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তে জনাব মোঃ আজিজুর রহমান, কারিগরি প্রশিক্ষক (সাময়িক বরখাস্ত), সরকারী শিশু পরিবার (বালক), ফরিদপুর (সংযুক্ত: সামাজিক নিরাপত্তা অধিশাখা, অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম, সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকা) এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় (মামলা নং ৩৫/২০২৫ তারিখ ২৬/১০/২০২৫) আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

এক্ষণে, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আপনাকে উক্ত বিধিমালার ৪(৩) (ঘ) বিধি মোতাবেক "চাকুরী হতে বরখাস্তকরণ" গুরুদন্ড আরোপ করার লক্ষ্যে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, এমতাবস্থায়, কেন আপনাকে চাকুরী হতে 'বরখাস্ত (Dismissal)' বা বিধিতে বর্ণিত অন্য কোন গুরুদন্ড আরোপ করা হবে না তার জবাব সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) ধারা মোতাবেক পত্র প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। আপনার কারণ দর্শানোর সুবিধার্থে বিধি মোতাবেক বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদনের অনুলিপিও এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ০১(এক) পাতা।

১৫.০৩.২০২৬

**(মোঃ সাইফুল ইসলাম)**
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

জনাব মোঃ আজিজুর রহমান
কারিগরি প্রশিক্ষক (সাময়িক বরখাস্ত)
সরকারী শিশু পরিবার (বালক), ফরিদপুর
(সংযুক্ত: সামাজিক নিরাপত্তা অধিশাখা, অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম, সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকা)।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৭৭.২৫. ৬৪

তারিখ: ০১ চৈত্র ১৪৩২ / ১৫ মার্চ ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৪. উপপরিচালক (অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম), সামাজিক নিরাপত্তা শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৭. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮. জেলা হিসাবরক্ষণ অফিসার, ফরিদপুর।
৯. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. উপ-তত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক), ফরিদপুর।

১৫/৩/২৬

(মোঃ রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৫৫০০৭৩৭০